# মোজতবা খামেনির ভিডিও প্রকাশ করল মেহের নিউজ



মোজতবা খামেনি। ছবি: সংগৃহীত

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ মোজতবা খামেনিকে নিয়ে একটি সংক্ষিপ্ত ভিডিও প্রকাশ করেছে দেশটির আধা-সরকারি সংবাদ সংস্থা মেহের নিউজ। শনিবার (৮ আগস্ট) তাদের টেলিগ্রাম চ্যানেলে ভিডিওটি প্রকাশ করা হয়।

মাত্র ১৩ সেকেন্ডের ভিডিওটিতে কয়েকজন ব্যক্তির সঙ্গে বসে কথা বলতে দেখা যায় মোজতবা খামেনিকে। তবে ভিডিওটির অবস্থান বা ধারণের সময় সম্পর্কে কোনো তথ্য প্রকাশ করেনি মেহের নিউজ। তার সঙ্গে থাকা ব্যক্তিরাও কারা, সেটিও জানানো হয়নি।

আয়াতুল্লাহ আলি খামেনি নিহত হওয়ার পর মোজতবা খামেনি ইরানের সর্বোচ্চ নেতার দায়িত্ব নেন। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলায় আলি খামেনি নিহত হন। দায়িত্ব নেওয়ার পর থেকে মোজতবা খামেনিকে জনসম্মুখে খুব কমই দেখা গেছে। তার পক্ষ থেকে সরাসরি কোনো ভিডিও বা অডিও বার্তাও প্রকাশ্যে আসেনি। সামাজিক যোগাযোগমাধ্যমে তার বিভিন্ন নির্দেশনা প্রকাশ করা হচ্ছে, পাশাপাশি রাষ্ট্রীয় টেলিভিশনেও সেগুলো পড়ে শোনানো হচ্ছে।

LENS ASIA

মেহের নিউজের টেলিগ্রাম চ্যানেলে ভিডিওটি প্রকাশের পর এটি সামাজিক যোগাযোগমাধ্যমে দ্রুত ছড়িয়ে পড়ে। চীনা সংবাদমাধ্যম সিজিটিএনও মেহের নিউজের সূত্র উল্লেখ করে তাদের ফেসবুক পেজে ভিডিওটি প্রকাশ করেছে।

তবে মেহের নিউজের ইংরেজি ভাষার ওয়েবসাইটে ভিডিওটি নিয়ে কোনো প্রতিবেদন বা আলাদা ভিডিও প্রকাশের তথ্য পাওয়া যায়নি।